

আত্‌ তারগীব ওয়াত্‌ তারহীব

হাদিস নাম্বারঃ ৬১৬

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) ক্বিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(صحيح) وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: أُولَ مَا قَدِمَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ انْجَفَلَ النَّاسُ إِلَيْهِ فَكُنْتُ فِيمَنْ جَاءَهُ فَلَمَّا تَأَمَّلْتُ وَجْهَهُ وَاسْتَبْتَنَتْهُ عَرَفْتُ أَنَّ وَجْهَهُ لَيْسَ بِوَجْهِ كَذَّابٍ قَالَ: فَكَانَ أَوَّلَ مَا سَمِعْتُ مِنْ كَلَامِهِ أَنْ قَالَ : أَيُّهَا النَّاسُ ، أَفْشُوا السَّلَامَ ، وَأَطْعِمُوا الطَّعَامَ ، وَصَلُّوا الْأَرْحَامَ وَصَلُّوا بِاللَّيْلِ وَالنَّاسُ نِيَامٌ ، تَدْخُلُوا الْجَنَّةَ بِسَلَامٍ رواه الترمذي وقال حديث حسن صحيح وابن ماجه والحاكم وقال: صحيح على شرط الشيخين

বাংলা

৬১৬. (সহীহ) আবদুল্লাহ বিন সালাম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যখন প্রথমবার মদীনায়ে আগমণ করেন, তখন সমস্ত মানুষ দ্রুত তাঁর কাছে উপস্থিত হয়। আমিও ছিলাম তাদের মধ্যে একজন। আমি যখন তাঁর মুখমণ্ডল গভীরভাবে পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করলাম, তখন নিশ্চিত হলাম যে, এ মুখমণ্ডল কোন মিথ্যেকের হতে পারে না। তাঁর মুখ থেকে প্রথম যে বাণী আমি শুনেছিলাম তা হচ্ছেঃ

”হে লোক সকল! তোমরা সালামের প্রচার কর, ক্ষুধার্তকে খাদ্য দান কর, আত্মীয়তার সম্পর্ক বজায় রাখ, রাতে যখন লোকেরা ঘুমিয়ে থাকে তখন নামায আদায় কর, তবে নিরাপদে তোমরা জান্নাতে প্রবেশ করবে।”

(হাদীছটি বর্ণনা করেছেন তিরমিযী ২৮৮৫, ইবনে মাজাহ ৩২৫১ ও হাকেম ৩/১৩। হাকেম বলেনঃ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী হাদীছটি সহীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন সালাম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88487>

🔗 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন